অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জের অংশ হিসেবে ভবনগুলিকে ডিকার্বোনাইজ করার জন্য 70 মিলিয়ন মার্কিন ডলারের প্রাথমিক বিনিয়োগ ঘোষণা করলেন

নতুন হিট পাম্প প্রযুক্তি গঠনের জন্য এবং 30,000 প্রাথমিক ইউনিট উৎপাদনের জন্য NYPA মিডিয়া আমেরিকা এবং গ্র্যাডিয়েন্টকে নির্বাচিত করেছে

উন্নত হিটিং এবং কুলিং সমাধান গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করবে এবং বাসিন্দাদের আরাম বৃদ্ধি করবে

গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA), নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জ (Clean Heat for All Challenge) (#CleanHeat4All বা #CH4A) নিয়ে অগ্রসর হচ্ছে, নিউ ইয়র্ক সিটির পাবলিক হাউজিং ফ্যাসিলিটিসমূহে ব্যবহারের জন্য 30,000 নতুন হিট পাম্প ইউনিট গঠন ও উৎপাদনের জন্য একটি পরিকল্পিত 70 মিলিয়ন মার্কিন ডলার প্রাথমিক বিনিয়োগের মাধ্যমে। গত সপ্তাহে, NYPA ট্রাস্টি বোর্ড (Board of Trustees) দুইটি সাত বছরের চুক্তির মাধ্যমে মিডিয়া আমেরিকা (Midea America) ও গ্র্যাডিয়েন্টকে (Gradient) তহবিল প্রদান করেছে ঠাণ্ডা জলবায়ুর প্যাকেজ জানালার হিট পাম্প ইউনিট গঠন ও সরবরাহ করার জন্য। ঘোষণাটি সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জের সর্বশেষ মাইলফলক, এটি NYCHA, NYPA, এবং NYSERDA-র নেতৃত্বে গৃহীত একটি উদ্যোগ যা নতুন একটি বৈদ্যুতিকরণ পণ্য গঠন করবে যা বিদ্যমান বহু পরিবারের ভবনগুলিতে হিটিং এবং কুলিং চাহিদা আরো ভালোভাবে পূরণ করবে এবং জীবাশ্ম জ্বালানিমুক্ত হিটিং উৎসে স্থানান্তরের গতি বৃদ্ধি করবে।

"নিউ ইয়র্ক জলবায়ু সঙ্কটের এবং সাশ্রয়ী আবাসনের চাহিদাকে সামনে থেকে মোকাবেলা করছে, এবং আজকে আমরা একটি রূপান্তরকারী 70 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত পদক্ষেপ নিচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "পাবলিক হাউজিংয়ে সবুজ বিনিয়োগকে অগ্রাধিকার প্রদান করলে তা স্টেটের সাহসী জলবায়ু এজেন্ডাকে ন্যায্য করা, সকল নিউ ইয়র্কবাসীদের জন্য বর্তমানে ও আগামী দশকগুলিতে লাভজনক করা নিশ্চিত

করে। সকল NYCHA বাসিন্দার উচ্চ মানের বাসার অধিকার রয়েছে এবং বাসিন্দারা যাতে তাদের প্রাপ্য নিরাপদ, বসবাসের উপযোগী, এবং মানসম্পন্ন সাশ্রয়ী আবাসন পায় তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক আগ্রাসী ব্যবস্থা গ্রহণ করতে থাকবে।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "আমাদের প্রশাসন সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, উচ্চ মানের সাশ্রয়ী আবাসন প্রদান করার ব্যাপারে নিবিড় মনযোগী, এবং আজকে আমরা আমাদের আবাসন রূপরেখার একটি প্রতিশ্রুতি পূরণ করছি যা আমাদের আরেক ধাপ অগ্রসর করবে। অন্য যেকোনও সময়ের তুলনায় এখন আমরা আরো ভালোভাবে বুঝতে পারছি যে আমাদের সিটির সবথেকে কঠিন সমস্যাগুলি পরস্পর সংযুক্ত, কিন্তু সমাধানও তাই হতে পারে। আমি অত্যন্ত গর্বিত যে গভর্নর হোকলের সাথে মিলে NYCHA বাসিন্দাদের জন্য এই অত্যাধুনিক প্রযুক্তি প্রদান করতে পেরেছি যার দ্বারা তারা তাদের বাসা ঠাণ্ডা ও গরম করতে পারবে এবং একই সাথে আমাদের কার্বন পদচিহ্ন হ্রাস করতে পারবে এবং অ্যাজমার মতো স্বাস্থ্য সমস্যাসহ নিউ ইয়র্কবাসীদের সুরক্ষায় সাহায্যও করতে পারবে।"

NYPA-র অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "NYPA উদ্যোগটির প্রথম বিক্রেতা নির্বাচনের মধ্য দিয়ে সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জ অগ্রসর করার জন্য উৎসুক হয়ে আছে, যারা NYCHA বাসিন্দাদের সুবিধার জন্য টি হিট পাম্প ইউনিট গঠন ও উৎপাদন করবে। স্টেটের সর্ববৃহৎ কার্বন নিঃসরণ উৎস, ভবনগুলির ডিকার্বোনাইজেশন করা গভর্নরের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্য অর্জনের জন্য অতি গুরুত্বপূর্ণ।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন হ্যারিস বলেন, "NYSERDA সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জ সমর্থন করতে পেরে গর্বিত এবং এই দুই উদ্ভাবনী কোম্পানিকে অভিনন্দন জানাচ্ছে যেহেতু তারা NYCHA বাসিন্দাদের জন্য একটি কর্মদক্ষ, খরচ কার্যকর, সহজে স্থাপন করা যায় এমন প্রত্যাশিত একটি হিটিং ও কুলিং সমাধান আনতে কাজ শুরু করতে যাচ্ছে বহু পরিবারের ভবনে নতুন হিট পাম্প প্রযুক্তি অগ্রসর করা এবং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্য ও আরাম নিশ্চিত করার সম্মিলিত মনোযোগ গভর্নর হোকলের 2030 সালের মধ্যে দুই মিলিয়ন জলবায়ুবান্ধব বাসা ও একইসাথে সকল নিউ ইয়র্কবাসী যাতে পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগ দ্বারা লাভবান হয় তা নিশ্চিত করার লক্ষ্য অর্জনকে সমর্থন করে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "বিদ্যমান এবং নতুন ভবনের জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীলতা হ্রাস করতে বা অপসারণ করা নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার অ্যাক্টের (Climate Leadership and Community Protection Act, CLCPA) লক্ষ্য অর্জন করার জন্য অতি আবশ্যক। আজকের ঘোষণা স্পষ্টভাবে প্রদর্শন করে কীভাবে আমাদের আবাসন মজুদকে ডিকার্বোনাইজ করার স্টেট এবং স্থানীয় সরকারের মিলিত প্রচেষ্টা জলবায়ুবান্ধব সাশ্রয়ী বাসা তৈরি করবে এবং একইসাথে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো স্বাস্থ্যকর, নিরাপদতর, এবং আরো স্থিতিস্থাপক সম্প্রদায় তৈরি করবে।"

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা গ্রেগ রাস।"বৈদ্যুতিক হিটিং এবং কুলিংয়ের জন্য কোনও কর্মদক্ষ এবং সাশ্রয়ী সমাধান না থাকা এখনো অর্থপূর্ণভাবে আমাদের কার্বন পদচিহ্ন হ্রাসের ক্ষেত্রে একটি মুল প্রতিবন্ধকতা হয়ে আছে, বিশেষ করে আমাদের পোর্টফলিওতে থাকা অনেক লম্বা আবাসিক ভবনের জন্য। উদ্ভাবনী এই সরকারি-বেসরকারি অংশীদারিত্ব NYCHA-কে একটি কম কার্বনের ভবিষ্যতের দিকে নিয়ে যেতে সাহায্য করে, মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ পাবলিক হাউজিং কর্তৃপক্ষের বিদ্যুতায়নের জন্য লাভজনক প্রতিশ্রুতিময় এই প্রযুক্তি আনার মাধ্যমে।"

হিট পাম্প প্রযুক্তি মৌসুমের উপর ভিত্তি করে ঘরের ভেতরে ও বাইরের মধ্যকার তাপ সঞ্চালনের মাধ্যমে একটি একক ইউনিট দ্বারা কর্মদক্ষ কুলিং ও হিটিং প্রদান করে। প্রক্রিয়াটি অর্জন করা হয় রেফ্রিজারেশন চক্রের মাধ্যমে, যা গতানুগতিক হিটিং ব্যবস্থা, যেমন তাপ উৎপাদনের জন্য অনসাইটে জীবাশ্ম জ্বালানি পোড়ানোর উপর নির্ভরশীল ব্রয়লার, থেকে চারগুণ পর্যন্ত বেশি কর্মদক্ষ হতে পারে। হিট পাম্প স্থাপন করা কঠিন, বিশেষ করে অধিষ্ঠিত ইউনিটে। ফলস্বরূপ, অনেক অপারেটর চায় বৈদ্যুতিক রূপান্তর বিলম্বিত হয়ে এর বদলে জীবাশ্ম জ্বালানি ব্যবস্থার প্রতিস্থাপন হোক।

আগামী বছরে, NYPA মিডিয়া আমেরিকা এবং গ্র্যাডিয়েন্টের সাথে সমন্বয় করে পরীক্ষা ও প্রদর্শনের জন্য প্রস্তাবিত হিট পাম্প প্রযুক্তির বিকাশ করবে। NYPA এরপর NYCHA–র সাথে সহযোগিতায় তৈরি ইউনিটগুলির 60টি নির্ধারিত পাবলিক হাউজিংয়ে স্থাপন করবে যা শীতকালীন মৌসুমে সার্বিকভাবে পর্যবেক্ষণ ও যাচাই করা হবে এবং এরপরে পরবর্তী বছরগুলিতে ব্যাপকভাবে 30,000 ইউনিট স্থাপন করার কাজ অগ্রসর করা হবে।

সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জ পূরণ করতে তৈরি হিট পাম্প ইউনিটগুলি বহু পরিবারের ভবনগুলিতে আবাসিক বাসিন্দাসহ অ্যাপার্টমেন্টগুলিতে বিদ্যমান হিট পাম্প প্রযুক্তি স্থাপন করার অন্তর্নিহিত অনেক খরচের কারণ, যেমন বৈদ্যুতিক ব্যবস্থা হালনাগাদকরণ, লম্বা রেফ্রিজারেন্ট পাইপ এবং দেওয়াল ড্রিল বা ছিদ্র করা, হ্রাস বা অপসারণ করার মাধ্যমে স্পেস হিটিংয়ের জন্য দ্রুত, স্বল্প খরচের বিদ্যুতায়ন সম্ভব করবে।

মিডিয়া আমেরিকা, যাদের 20,000টি ইউনিটের চুক্তি প্রদান করা হয়েছে, 1968 সালে স্থাপিত একটি বৈশ্বিক অ্যাপ্লায়েন্স প্রস্তুতকারক যাদের চিন ও মার্কিন যুক্তরাষ্ট্রে সদর দপ্তর রয়েছে, সারা পৃথিবীতে 11টি কারখানা আছে এবং 67 মিলিয়ন ইউনিট বার্ষিক আউটপুট রয়েছে। এনার্জি স্টার রেটেড জানালা এসি, ডিহিউমিডিফায়ার এবং অন্যান্য প্যাকেজ এসির একটি লাইনসহ ঘরের এয়ার কন্ডিশনিংয়ের জন্য তারা বাজারের শীর্ষে রয়েছে।

2015 সালে স্থাপিত গ্র্যাডিয়েন্ট ক্যালিফোর্নিয়ার স্যান ফ্র্যান্সিসকো ভিত্তিক একটি স্টার্টআপ যাদের 10,000 ইউনিট প্রস্তুত করার চুক্তি প্রদান করা হয়েছে। প্রস্তাবিত ইউনিটটি হবে একটি ঠাণ্ডা জলবায়ুর হিট পাম্প যা NYCHA-র নির্দিষ্টকরণ অনুযায়ী নিম্ন তাপমাত্রায় সচল থাকতে সক্ষম হবে। কোম্পানির ইচ্ছা মার্কিন যুক্তরাষ্ট্রে পণ্যটি স্থানীয়ভাবে উৎপাদন করা।

সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জ

সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জ সরাসরি নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার অ্যাক্ট (জলবায়ু অ্যাক্ট) এবং নিউ ইয়র্ক সিটি জলবায়ু মোবিলাইজেশন অ্যাক্ট (New York City Climate Mobilization Act) সমর্থন করে, উভয় 2030 সালের মধ্যে ভবনগুলির গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ 40 শতাংশ হ্রাস করার আহ্বান করে। NYCHA'র 2,198টি আবাসিক ভবনের পোর্টফলিও ব্যবহার করে, সকলের জন্য ক্লিন হিট মার্কিন যুক্তরাষ্ট্রে এই পণ্যের উদ্ভাবন ও বিকাশ শুরু করার জন্য নকশা করা হয়েছে, এবং NYCHA-কে একটি প্রারম্ভিক গ্রহণকারীর পদে বসানো হয়েছে এবং একইসাথে NYCHA বাসিন্দাদেরকে এমন আধুনিক হিটিং ও কুলিং ব্যবস্থা প্রদান করা হচ্ছে তা তারা সরাসরি নিয়ন্ত্রণ করতে পারবে।

NYCHA অনুমান করছে যে নিউ ইয়র্ক সিটির স্থানীয় আইন 97 (Local Law 97) অনুযায়ী 2050 সালের মধ্যে 80 শতাংশ গ্রিনহাউজ গ্যাস হ্রাস অর্জন করার জন্য এর পোর্টফলিওকে বিদ্যুতায়িত করতে আগামী 5-10 বছরে আনুমানিক 156,000 ঠাণ্ডা জলবায়ুর জানালা হিট পাম্প দরকার হবে। NYCHA-র বাইরে, এমন ইউনিট অন্যান্য বড় পোর্টফলিও ব্যবস্থাপকদের জন্য প্রযোজ্য হবে, যার মধ্যে আছে অন্যান্য সরকারি সাশ্রয়ী আবাসন অপারেটর এবং ইউনিভার্সিটিগুলি।

NYPA সরাসরি অর্থায়ন প্রদান করছে এবং চ্যালেঞ্জটি বাস্তবায়নকে সমর্থন করছে এবং NYSERDA প্রদর্শন পর্যায়ের জন্য 13 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে, যার মধ্যে রয়েছে প্রারম্ভিক ক্রয়, পর্যবেক্ষণ এবং পারফরম্যান্স মূল্যায়ন, যার তহবিল অনুমোদিত হয়েছে আঞ্চলিক গ্রিনহাউজ গ্যাস উদ্যোগ পরিচালনা পরিকল্পনার (Regional Greenhouse Gas Initiative Operating Plan) মাধ্যমে। NYCHA আজকের ঘোষিত 70 মিলিয়ন মার্কিন ডলারসহ অতিরিক্ত 250 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, নতুন সরঞ্জাম ক্রয় ও স্থাপন করার জন্য এবং একইসাথে ভবনের এনভেলপ ও অভ্যন্তরীণ গরম পানির ব্যবস্থায় অতিরিক্ত উন্নয়ন করার জন্য।

অন্যান্য পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহ

এই ক্যাপিটাল বিনিয়োগের সম্পূরক হিসেবে, NYCHA ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) এবং নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড সিকিউরিটি ও ইমারজেন্সি সার্ভিসেস ডিভিশনের (New York State Division of Homeland Security and Emergency Services, NYS-DHSES) সাথে কাজ করবে, হারিকেন আইডার অবশিষ্টাংশ দ্বারা প্রভাবিত একাধিক ডেভেলপমেন্টের জন্য তহবিল নিশ্চিত করার জন্য, এটি একটি রাষ্ট্রপতির ঘোষিত দুর্যোগ ছিলো। যেসব ক্ষেত্রে পুনরুদ্ধারে হিটিং সিস্টেম সংস্কার রয়েছে এবং/অথবা অন্য কোনওভাবে এই সিস্টেমের সাথে সংযুক্তি থাকবে, NYCHA সেখানে এইসব এজেন্সির সাথে কাজ করে এইসব সিস্টেমের সংস্কার কাজে তহবিলের উৎস (সংস্কার তহবিল এবং খরচ কার্যকর প্রশমন উভয়) ব্যবহার করতে কাজ করবে, যদি প্রযোজ্য হয়।

সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জের সাথে একযোগে, NYCHA এবং ফান্ড ফর পাবলিক হাউজিংও (Fund for Public Housing) একটি ক্লিন এনার্জি একাডেমি (Clean Energy

Academy) শুরু করতে যাচ্ছে যা NYCHA বাসিন্দাদেরকে ভবন বিদ্যুতায়ন ও পরিচ্ছন্ন শক্তি ক্যারিয়ারে কাজ করার অবস্থানে নিয়ে যাবে। NYSERDA-র একটি অনুদান এবং নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ, জাতীয় গ্রিড (National Grid), নর্থলাইট ফাউন্ডেশন (NorthLight Foundation), ট্রিনিটি চার্চ ওয়াল স্ট্রিট ফিলানথ্রোফিস (Trinity Church Wall Street Philanthropies), এবং রাইজ লাইট অ্যান্ড পাওয়ারের (Rise Light and Power) দাতব্য সমর্থন নিয়ে ফান্ড ফর পাবলিক হাউজিং প্রথম দুই বছরে 100 জন পাবলিক হাউজিং বাসিন্দাকে একাডেমির মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করবে, গ্র্যাজুয়েটদের পরিচ্ছন্ন শক্তির ক্যারিয়ারের জন্য প্রস্তুত করবে। ক্লিন এনার্জি একাডেমি গঠনের মাধ্যমে, NYCHA এর ভবনগুলিকে ডিকার্বোনাইজ করার প্রচেষ্টার অংশ হিসেবে পাবলিক হাউজিং বাসিন্দাদের জন্য পরিচ্ছন্ন শক্তির চাকরি প্রদানকে অগ্রাধিকার দিতে থাকবে।

জুন মাসে, গভর্নর হোকল একটি বিধিমালায় স্বাক্ষর করেন যা একটি পাবলিক বেনেফিট কর্পোরেশন, নিউ ইয়র্ক সিটি পাবলিক হাউজিং সংরক্ষণ ট্রাস্ট (New York City Public Housing Preservation Trust) তৈরি করে, এটি NYCHA–র নিয়ন্ত্রণাধীনে থাকা 25,000টি অ্যাপার্টমেন্টের মেরামত, পুনর্বাসন, এবং আধুনিকায়নের অর্থায়নের জন্য NYCHA-কে বিলিয়ন বিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল বিনিয়োগ করতে সাহায্য করবে। ট্রাস্ট এমনও গ্যারান্টি দেয় যে অধিকার সংরক্ষণের মাধ্যমে বাড়িগুলিকে সাশ্রয়ী মূল্যে রাখা হয় যা নিশ্চিত করে যে বাসিন্দারা তাদের আয়ের 30 শতাংশ ভাড়ার জন্য প্রদান করে, বাসিন্দারা সমস্ত বর্তমান উত্তরাধিকার অধিকার বজায় রাখে, অ্যাপার্টমেন্টগুলি নিম্ন আয়ের বাসিন্দাদের জন্য সংরক্ষিত থাকা অব্যাহত থাকবে এবং সেই অ্যাপার্টমেন্টের শূন্যপদগুলি NYCHA-র অপেক্ষমাণ তালিকা ব্যবহার করে পূরণ করা হবে।

স্টেটের সিনেটর কেভিন পার্কার বলেন, "আমি সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জের সর্বশেষ মাইলফলকটি নিয়ে বিশেষভাবে খুশি, যেটি ফ্যাসিলিটিসমূহের 30,000টি নতুন হিট পাম্প ইউনিট গঠন ও উৎপাদনের জন্য 70 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। এই বিনিয়োগটি স্থানীয় আইন 97 এবং আমাদের CLCPA লক্ষ্য অনুসরণ করে, আমাদের এক নম্বর শক্তি ব্যবহারকারী এবং শীর্ষ নিঃসরণকারী ভবনগুলির একটিতে CO2 নিঃসরণ হ্রাস করার মাধ্যমে। হয়তো, এর থেকেও বেশি গুরুত্বপূর্ণ হলো যে এটি স্টেটের পরিচ্ছন্ন শক্তি রূপান্তরে যাতে জলবায়ু ন্যায়বিচার এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে অগ্রাধিকার প্রদান করা হয় তা নিশ্চিত করার মাধ্যমে CLCPA –র একটি অতি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য বাস্তবায়নে একটি মুখ্য ভূমিকা পালন করবে। জলবায়ু ন্যায়বিচার সম্প্রদায়সমূহে কর্মদক্ষ ও সাশ্রয়ী পরিচ্ছন্ন হিটিং ও কুলিং সমাধান নিয়ে আসার অক্ষমতা হলো আমাদের সার্বিক কার্বন পদচিহ্ন কার্যকরভাবে হ্রাস করার পথে প্রধান প্রতিবন্ধকতা এবং NYCHA ভবনগুলিকে হিট পাম্প প্রযুক্তি প্রদান করা হলে এটি দূর করা যেতে পারে। আমি সকলের অংশগ্রহণের এই সহযোগিতামূলক কাজের প্রশংসা করছি, যেখানে প্রস্তাবগুলি NYCHA, NYPA এবং NYSERDA খতিয়ে দেখেছে এবং যা ফেডারেল ও স্টেট তহবিল পাচ্ছে। এটি জলবায়ু পরিবর্তন ও জলবায়ু ন্যায়বিচার এক মাত্রায় আসার একটি সত্যিকারের উদাহরণ।"

স্টেটের সিনেটর জেসিকা রামোস বলেন, "উডসাইড হাউজেসে (Woodside Houses) আমার প্রতিবেশীদের বাড়ি যেই বয়লার গরম করতো সেগুলি হারিকেন আইডায় নষ্ট হয়ে যায়,

যার ফলে পুরো শীতকালে তাদের উষ্ণতার ব্যবস্থা অসঙ্গতিপূর্ণ হয়ে গেছে। এমনকি এর পূর্বেও, আমার মনে আছে শৈশবে যে উডসাইড হাউজেসে আমার বন্ধুদের বাড়িতে গেলে অনেক গরম কাপড় পড়তে হতো, কারণ তাদের নড়বড়ে হিটিং অবকাঠামো ঠিকমতো কাজ করতো না। সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জ শুরু করা প্রদর্শন করে যে আমরা বুঝি স্থিতিস্থাপক সম্মুখসারির জলবায়ু সম্প্রদায় গঠন করা কী রকম হতে পারে। এই প্রকল্পটি দ্বারা, স্টেটকে CLCPA দ্বারা নির্ধারিত লক্ষ্য অর্জনের সঠিক পথে রাখার জন্য নিউ ইয়র্ক আরেকটি উল্লেখযোগ্য ধাপ গ্রহণ করলো।"

অ্যাসেম্বলি সদস্য মাইকেল কিউসিক বলেন, "আজকের ঘোষণা আমাদের ভবনগুলিকে ডিকার্বোনাইজ করার এবং একটি পরিচ্ছন্নতর ও আরো কর্মদক্ষ এনার্জি গ্রিড গঠনে আমাদের স্টেটব্যাপী প্রচেষ্টাকে অগ্রসরকারী একটি উল্লেখযোগ্য ধাপ। NYCHA হাউজিং ডেভেলপমেন্টসমূহের জন্য হিট পাম্পে এই বিনিয়োগ শুধু আমাদের শক্তি ও জলবায়ু লক্ষ্য অর্জনের প্রচেষ্টাকে সহায়তা করবে না, বরং এটি পুরো শহরের হাজার হাজার NYCHA বাসিন্দাদের জন্য পরিচ্ছন্ন ও নির্ভরযোগ্য শক্তিও নিশ্চিত করবে।"

অ্যাসেম্বলি সদস্য ব্রায়ান বার্নওয়েল বলেন, "অনেক দীর্ঘদিন ধরে, NYCHA বাসিন্দারা, বিশেষ করে উডসাইড হাউজেসের বাসিন্দারা কোনও হিট ছাড়া বাস করছে।শীতকালের পর শীতকাল, আমরা এই সমস্যা সমাধানে অভিযোগের পর অভিযোগ করেছি।অন্যদের করা বহু বছরের অপূর্ণ প্রতিশ্রুতির পর, এই জীবন মরণ সমস্যার সমাধান করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।এই বিনিয়োগ জীবন রক্ষা করতে সাহায্য করবে।"

কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভ্যান রিচার্ডস জুনিয়র বলেন, "অনেক দীর্ঘ সময় ধরে, আমাদের ডেভেলপমেন্টসের অবকাঠামোকে ভেঙ্গে পড়তে দেওয়া হয়েছে এবং সেই সাথে পাবলিক হাউজিংয়ে আমাদের পরিবারগুলির চাহিদাকে অবহেলা ও অগ্রাহ্য করা হয়েছে। যার অর্থ হলো আমাদের বাসিন্দারা কোনও সংস্থান বা সম্মান ছাড়া, বা ভবনগুলির কার্বন নিঃসরণ নিয়ে কোনও উদ্বেগ ছাড়া বছরের পর বছর ধরে ঘর্মাক্ত গ্রীষ্মের দিন এবং জমে যাওয়ার মতো ঠাণ্ডা শীতকালের রাত। কিন্তু সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জ হাজার হাজার পরিবারের জন্য এই কাহিনী বদলে দেওয়ার প্রথম উল্লেখযোগ্য ধাপের প্রতিনিধি। NYCHA সাইটসমূহকে আর শক্তি দক্ষ করা থেকে শুরু করে আমাদের সম্প্রদায়ের জন্য পরিচ্ছন্ন শক্তির চাকরি তৈরি করা এবং আমাদের পরিবারগুলিকে তাদের মানবাধিকার হিসেবে প্রাপ্য মৌলিক মর্যাদা প্রদান করা পর্যন্ত, সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জ আমাদের শহরের জন্য একটি বিজয়। আমি এই অতি গুরুত্বপূর্ণ উদ্যোগে গভর্নর হোকল ও আমাদের সকল অংশীদারদের সাথে কাজ করতে উন্মুখ।"

নিউ ইয়র্ক সিটির প্রধান আবাসন কর্মকর্তা জেসিকা ক্যাটজ বলেন, "বাসিন্দারা জমে যাওয়ার মতো ঠাণ্ডা শীতকাল এবং প্রচণ্ড গরম গ্রীষ্মকালে কষ্ট পেয়েছে। শহরজুড়ে, এবং আশা করা যাচ্ছে দেশজুড়ে বাসাগুলির জন্য পরিচ্ছন্নতর, আরো নির্ভরযোগ্য হিটিং এবং কুলিংয়ের একটি মডেল হিসেবে, সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জটি পাবলিক হাউজিংয়ের বাসিন্দাদের আমাদের ডিকার্বোনাইজেশন প্রচেষ্টার একদম সম্মুখসারিতে স্থাপন করবে। এই 70 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি পরিবর্তিত হতে থাকা জলবায়ুর বিরুদ্ধে একটি দুর্দান্ত অগ্রগামী

ধাপ যার প্রভাব নতুন জানালা ইউনিটসহ বাসায় বসবাসরত মানুষ এবং আমাদের সার্বিক শহর, উভয়কে প্রভাবিত করবে। NYCHA বাসিন্দা এবং একটি সবুজতর ভবিষ্যতের সমর্থনে তাদের অংশীদারিত্বের জন্য নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ, নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক সিটির প্রধান জলবায়ু কর্মকর্তা রোহিত টি আগারওয়াল বলেন, "নতুন সবুজ প্রযুক্তি বিকাশ ও আবাসিক ভবনের একটি বড় পোর্টফলিও জুড়ে তাদের বাস্তবায়ন করার পথ তৈরি করতে NYCHA এবং NYPA-র মধ্যকার অংশীদারিত্ব সকল সম্পদের মালিকের জন্য একটি উদাহরণ হয়ে থাকবে, যেহেতু আমরা স্থানীয় আইন 97 বাস্তবায়ন করছি। ভবনগুলি হলো পাঁচটি বরোতে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের সর্ববৃহৎ উৎস, এবং এই ধরনের উদ্ভাবনী প্রকল্প আমাদেরকে আমাদের অতি গুরুত্বপূর্ণ জলবায়ু লক্ষ্য অর্জনে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক সিটির বিল্ডিংস ডিপার্টমেন্টের (New York City Department of Buildings) কমিশনার এরিক এ আলরিখ বলেন, "আমি মেয়র অ্যাডামস ও গভর্নর হোকলের প্রশংসা করছি এই অগ্রগামী চিন্তার কর্মপরিকল্পনা দ্বারা দৃষ্টান্তের সাথে নেতৃত্বদানের জন্য, যা বেসরকারি ভবনের মালিকদের প্রদর্শন করবে যে উদ্ভাবন ও বিনিয়োগের মাধ্যমে, আমরা আমাদের ভবন থেকে নির্গত ক্ষতিকর গ্রিনহাউজ গ্যাসের পরিমাণ হ্রাস করার ক্ষেত্রে সত্যিকারের অগ্রগতি করতে পারি।"

নিউ ইয়র্ক সিটির মেয়রের জলবায়ু ও পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার অফিসের নির্বাহী পরিচালক কিজি চার্লস গুজম্যান বলেন, "সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জের মাধ্যমে বিকশিত প্রযুক্তিটি বাজারের জন্য রূপান্তরকারী হবে এবং এটি ভবনগুলি পরিচ্ছন্ন হিটিং ও কুলিং ব্যবস্থা গ্রহণ করতে যেইসব প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তা নির্মূলে সাহায্য করবে। হিট পাম্পগুলি যেই পরিচ্ছন্নতর বাতাস, বর্ধিত আরাম ও নিরাপত্তা প্রদান করবে তা আমাদের সম্প্রদায়সমূহের স্বাস্থ্যের জন্য অত্যাবশ্যকীয় এবং এই অংশীদারিত্ব সাশ্রয়ী আবাসনের বাজারের বাইরেও আর অনেক প্রভাব বিস্তার করবে: এটি স্থানীয় সবুজ কর্মসংস্থান সৃষ্টি করবে, ইলেক্ট্রিফাইNYC-র মতো কর্মসূচির মাধ্যমে বাড়ির মালিকদের সাহায্য করার নিউ ইয়র্ক সিটির প্রচেষ্টাকে সমর্থন করবে এবং জলবায়ু সঙ্কট সামাল দিতে সিটি ও স্টেটের নেতৃত্ব প্রদর্শন করা অব্যাহত রাখবে।"

নিউ ইয়র্ক সিটি পরিষদের সদস্য জুলি ওয়ান বলেন, "2021 সালের আগস্ট থেকে, আমাদের NYCHA উডসাইড হাউজেসের প্রতিবেশীরা হিট এবং গরম পানি ছাড়া বাস করছে। হারিকেন আইডা অতিপ্রাচীন হিটিং প্ল্যান্ট ডুবিয়ে দেয়, এবং তা আর মেরামত করা হয়নি। টেকসই, পরিবেশবান্ধব তাপ উৎস পাওয়ার সুযোগ একটি প্রয়োজন। আমরা নিজের চোখে দেখেছি আমাদের কত বাসিন্দা তীব্র শীতের সময় হিট ছাড়া থেকেছে, যেমন যাদের ব্রঙ্কসের টুইন পার্কস কমপ্লেক্সে আগুনের অভিজ্ঞতা হয়েছে। সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জটি এটি নিশ্চিত করার জন্য অত্যাবশ্যকীয় যাতে আমাদের NYCHA বাসিন্দারা আউটেজের সময় অতিরিক্ত তাপমাত্রা বা জমে যাওয়ার শিকার না হয়। আমাদের শহরজুড়ে NYCHA কমপ্লেক্সগুলিতে 150,000টি বৈদ্যুতিক হিট পাম্প স্থাপন করা একটি সবুজতর নিউ ইয়র্কের দিকে গুরুত্বপূর্ণ একটি ধাপ এবং আমি গভর্নর ক্যাথি হোকল এবং মেয়র অ্যাডামসকে এই

কর্মসূচির সূচনার সময় উডসাইড হাউজেসকে অগ্রাধিকার প্রদানের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

মিডিয়া আমেরিকা রিসার্চ সেন্টারের আবাসিক এয়ার কন্ডিশনিংয়ের রিসার্চ ও ডেভেলপমেন্টের ব্যবস্থাপক অ্যাডাম স্কুলজ বলেন, "মিডিয়া আরো শক্তি দক্ষ এবং পরিবেশবান্ধব হিটিং ও কুলিং বিকল্প সমর্থনকারী নতুন প্রযুক্তিসমূহের বিকাশে নেতৃত্ব দিতে পেরে অত্যন্ত খুশি। মিডিয়ার উদ্ভাবনী এয়ার কন্ডিশনিং পণ্য বিকাশের সমৃদ্ধ ইতিহাস রয়েছে, যার মধ্যে রয়েছে অত্যাধুনিক হিট পাম্প এবং ইনভার্টার প্রযুক্তি। ফলস্বরূপ, আমরা সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জের জন্য যেই পণ্যটি বিকাশ করেছি তা আগামী প্রজন্মের উদ্ভাবন, আমরা উচ্চমাত্রায় কার্যকরী একটি ঠাণ্ডা জলবায়ুর জানালা হিট পাম্প প্রদানে আমাদের বহু দশকের অভিজ্ঞতা ব্যবহার করে তা তৈরি করেছি।আমরা মনে করি যে এই পণ্যটি সিটি ও স্টেট যেই পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য চায় তা অর্জন করার দিকে একটি বিশাল ধাপ এবং এটি একটি দৃঢ় অংশীদারিত্বের সূচনা।"

গ্র্যাডিয়েন্টের প্রধান নির্বাহী কর্মকর্তা ভিন্স রোমানিন বলেন, "স্থানীয় আইন 97-র সূচনার মধ্য দিয়ে, নিউ ইয়র্ক সিটি জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে অতি জরুরি লড়াইয়ের ক্ষেত্রে একটি মুখ্য অগ্রগামী পদক্ষেপ নিয়েছে। এবং নর্থ আমেরিকার সর্ববৃহৎ পাবলিক হাউজিং কর্তৃপক্ষ হিসবে, NYCHA, LL97 নিয়ে একটি বিশেষ সমস্যার সম্মুখীন হয়েছে, এমন ভবনে হিট পাম্প বসানো যা হিট পাম্পের জন্য নকশা করা হয়নি। যেমনটি আমাদের অনেক গ্রাহক দেখেছে, পুরনো ভবনে মিনি-স্প্লিট হিট পাম্প স্থাপন করা ব্যয়বহুল এবং জটিল। কিন্তু যেভাবে NYCHA, সকলের জন্য ক্লিন হিট চ্যালেঞ্জের মাধ্যমে বিদ্যুতায়িত হিটিং এবং কার্যকরী AC প্রচার করছে তা এর বাসিন্দাদের প্রতি এর প্রতিশ্রুতির এবং এর অবকাঠামোর স্থিতিস্থাপকতার একটি প্রমাণ। এই অংশীদারিত্ব নিউ ইয়র্ক সিটিতে এবং এর বাইরেও ভবনের ডিকার্বোনাইজেশন অগ্রসর করতে গ্র্যাডিয়েন্টের ভিশনকে একটি বিশাল বৈধতা প্রদান করে।"

ফান্ড ফর পাবলিক হাউজিংয়ের নির্বাহী পরিচালক অ্যালেক্স জাবলকি বলেন, "ফান্ড ফর পাবলিক হাউজিং ক্লিন এনার্জি একাডেমি শুরু করার মাধ্যমে এই উদ্ভাবনী সরকারি-বেসরকারি অংশীদারিত্বকে সমর্থন করতে পেরে গর্বিত, এটি পাবলিক হাউজিং বাসিন্দাদেরকে একবিংশ শতাব্দীর ক্যারিয়ারে কাজ করার জন্য প্রস্তুত করবে। NYCHA-এ আমাদের অংশীদারদের নিয়ে এবং সরকারি এজেন্সি ও বেসরকারি খাতের সমর্থন নিয়ে, ক্লিন এনার্জি একাডেমি দুই বছরের মধ্যে 100 জন NYCHA বাসিন্দাদের প্রশিক্ষণ দিবে যা তাদের ভবন বিদ্যুতায়ন এবং পরিচ্ছন্ন শক্তিতে ক্যারিয়ারের জন্য প্রস্তুত করবে, যা বাসিন্দাদের নতুন দক্ষতা শেখার এবং এই বিকাশমান খাতে ক্যারিয়ার অগ্রসর করার সুযোগ প্রদান করবে। একাডেমি একটি বিশেষভাবে নকশা করা পাঠ্যসূচি প্রদান করবে যা NYCHA–র ডিকার্বোনাইজেশন লক্ষ্যের চাহিদা পূরণ করবে। এই কর্মসূচি সম্ভব হবে শুধু আমাদের অংশীদারদের বহু বছরের দাতব্য সমর্থন এবং কারিগরি দক্ষতার কারণে।"

উডসাইড হাউজেস টেন্যান্ট অ্যাসোসিয়েশনের (Woodside Houses Tenant Association) প্রেসিডেন্ট অ্যানি কটন-মরিস বলেন, "আজকে গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস NYCHA বাসিন্দাদের পক্ষে একটি শক্তিশালী বার্তা প্রেরণ করছেন; আমাদের এর

থেকে ভালো কিছু প্রাপ্য। এই বহু মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি NYCHA-কে পরিচ্ছন্ন শক্তির অত্যাধুনিক পর্যায়ে নিয়ে যায় এবং একইসাথে ভাড়াটিয়াদের অবশেষে একটি উষ্ণ বাসার আরাম প্রদান করে। আমি গভর্নর এবং মেয়রকে ধন্যবাদ জানাচ্ছি NYCHA বাসিন্দাদের সাথে দাঁড়ানোর জন্য এবং আমরা যখন নিউ ইয়র্কের আবাসন ঠিক করা অব্যাহত রাখবো তখন তাদের অংশীদারিত্ব পেতে উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেই সাথে পরিচ্ছন্ন জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে, এবং অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে।

NYCHA সম্পর্কে

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (NYCHA), নর্থ আমেরিকার সর্ববৃহৎ পাবলিক হাউজিং কর্তৃপক্ষ, স্থাপিত হয়েছিলো 1935 সালে, নিম্ন থেকে মধ্যম আয়ের নিউ ইয়র্ক বাসীদের জন্য ভালো, সাশ্রয়ী আবাসন প্রদান করার জন্য। 335টি হাউজিং ডেভেলপমেন্টের মধ্যে 177,000টি অ্যাপার্টমেন্ট নিয়ে NYCHA আনুমানিক 16 জনের মধ্যে 1 জন নিউ ইয়র্কবাসীর বাসা। NYCHA গতানুগতিক পাবলিক হাউজিং কর্মসূচির (সেকশন 9) মাধ্যমে 339,000 এর বেশি বাসিন্দাদের সেবাদান করে, PACT/RAD এ রূপান্তরিত হওয়া ডেভেলপমেন্ট দ্বারা 29,000 এর বেশি বাসিন্দাদের সেবাদান করে, এবং ফেডারেল ভাড়া ভর্তুকির (সেকশন 8 লিজড আবাসন কর্মসূচি) মাধ্যমে 92,000 এর বেশি পরিবারকে সেবাদান করে। পাশাপাশি, NYCHA বাসিন্দাদের

আর্থিক ক্ষমতায়ন, ব্যবসা বিকাশ, ক্যারিয়ারের অগ্রগতি, এবং শিক্ষাগত কর্মসূচির সুযোগের সাথে সংযুক্ত করে দেয়। পাঁচটি বরোতে আবাসন মজুদ নিয়ে, NYCHA শহরের মধ্যে আরেকটি শহর।

NYPA সম্পর্কে

NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরও তথ্যের জন্য ভিজিট করুন www.nypa.gov এবং আমাদের ফলো করুনTwitter-এ @NYPAenergy, Facebook-এ, Instagram-এ, Tumblr-এ এবং LinkedIn-এ।

NYSERDA সম্পর্কে

NYSERDA, হল জনগনের সুবিধার্থে একটি কর্পোরেশন, যা লক্ষ্য সম্পর্কিত তথ্য এবং তার বিশ্লেষণ, আধুনিকতাকরণ প্রোগ্রাম, কারিগরী দক্ষতা এবং নিউইয়র্কবাসীদের বিদ্যুৎশক্তির কার্যকারিতা, অর্থ অপচয় কম করতে, রিনিউএবল বিদ্যুৎশক্তিকে ব্যবহার করতে এবং জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমানোর জন্য তহবিলের মাধ্যমে সাহায্য করে। NYSERDA পেশাদাররা পরিবেশ রক্ষায় এবং ক্লিন-এনার্জি কর্মসংস্থান তৈরিতে কাজ করে। 1975 সাল থেকে নিউ ইয়র্ক স্টেটে NYSERDA উন্নত আধুনিক মানের বিদ্যুশক্তির সমাধানের উদ্দেশ্যে পার্টনারশীপের বিকাশ সাধন করে চলেছে। NYSERDA-এর কর্মসূচি এবং তহবিল প্রাপ্তির সুযোগ সম্পর্কে আরো তথ্য জানতে, nyserda.ny.gov ওয়েবসাইট দেখুন অথবা টুইটার (Twitter), ফেসবুক (Facebook), ইউটিউব (YouTube), বা ইনস্টাগ্রাম (Instagram) এ আমাদের অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন